ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৮৪ ● কলকাতা ● ১৪ চৈত্র, ১৪৩১ ● শুক্রবার ● ২৮ মার্চ ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# পশ্চিমবঙ্গে মমতার বিরুদ্ধে বিজেপির মুখ অগ্নিমিত্রা




**বেবি চক্রবর্তী: কলকাতা**

ভোটের আগে শহরে শুরু হয়েছে রাজনৈতিক পোস্টার-যুদ্ধ। বৃহস্পতিবার সাত সকালে দেখা গেল, কেষ্টপুরে রাস্তার মাঝখানে অগ্নিমিত্রা পলের নামে পড়েছে ব্যানার। ডিভাইডারের গায়ে ঝোলানো হলুদ ব্যানারে লেখা, 'অগ্নিমিত্রাকে চায়।' সৌজন্য হিসেবে লেখা রয়েছে, 'বাংলার অসুরক্ষিত মহিলা সমাজ।' প্রশ্ন উঠেছে কারা দিল এমন পোস্টারতবে কি বিজেপির রাজ্য সভাপতি হিসেবে অগ্নিমিত্রাকে দেখতে চায় বিজেপির একাংশ?ব্যানারে অগ্নিমিত্রাকে 'বাংলার নারীশক্তির রক্ষাকবচ' হিসেবে উল্লেখ করা হয়েছে। ২০২৬-এ বাংলায় ভোট। পাশাপাশি বিজেপির রাজ্য সভাপতি নির্বাচনও আসন্ন। তার সঙ্গে এই ব্যানারের যোগ থাকতে পারে বলে রাজনৈতিক মহলের একাংশের ব্যাখ্যা।২০২৬-এর ভোটের আগে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরোধী হিসেবে মহিলা মুখ তুলে ধরতেই কি এই ব্যানার?


## কোনো সময় দেওয়া হবে না! রাজ্যের আর্জি খারিজ, জনস্বার্থ মামলায় কড়া নির্দেশ দিয়ে দিল হাইকোর্ট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

১০ বছরেরও বেশি সময় অতিক্রান্ত! সেই ২০১৩ সাল থেকে রাজ্যের সমস্ত কলেজ বিশ্ববিদ্যালয় নির্বাচন বন্ধ রয়েছে। এই নিয়ে জল গড়িয়েছিল কলকাতা হাইকোর্টে । তাতেই এবার বড় নির্দেশ দিয়ে দিল প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানমের ডিভিশন বেঞ্চ। আদালতের নির্দেশ, কলেজগুলিতে যত দ্রুত সম্ভব ছাত্র সংসদ

এরপর ৩ পৃষ্ঠায়






# মিউচুয়াল ফান্ডে স্মার্ট ইনভেস্টমেন্টের মাধ্যমে ইনভেস্টারদের ক্ষমতায়নের জন্য আইডিএফসি ফার্স্ট ব্যাংক মোবাইল ব্যাংকিং অ্যাপে এস বৈশিষ্ট্য চালু করেছে

**প্রিমিয়াম ইউসার এক্সপেরিয়েন্সের সাথে উন্নত এমএফ পারফরম্যান্স ইনসাইটস এন্ড টুলস সহ ডিআইওয়াই বৈশিষ্ট্য**

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

**মুম্বাই, মার্চ 2025:** আইডিএফসি ফার্স্ট ব্যাংক তাদের প্রিমিয়াম মোবাইল ব্যাংকিং অ্যাপে এস বৈশিষ্ট্য উন্মোচন করেছে, যা ইনভেস্টারদের একটি সুনির্দিষ্ট মিউচুয়াল ফান্ড ইনভেস্টমেন্টের সিদ্ধান্ত নিতে প্রাসঙ্গিক অন্তর্দৃষ্টি এবং টুলস সরবরাহ করে। এই ফিচারটির লক্ষ্য হল একজন ব্যক্তিকে ডিজিটালভাবে 'ডু ইট ইউরসেলফ' বিনিয়োগের ক্ষমতায়ন করা।

আইডিএফসি ফার্স্ট ব্যাংক অ্যাপের এস বৈশিষ্ট্যটি ভারতের 2500 টিরও বেশি মিউচুয়াল ফান্ড সম্পর্কে সমৃদ্ধ এবং দরকারী বিবরণ প্রদান করে। বিনিয়োগকারীরা বিভিন্ন ফান্ড ক্যাটেগরিজে (যেমন ইক্যুইটি, ঋণ, ট্যাক্স সেভিং, হাইব্রিড এবং ইনডেক্স ফান্ড) ব্রাউজ করতে পারেন এবং একটি বৈচিত্র্যময় পোর্টফোলিও তৈরি করার জন্য সঠিক প্রয়োজন-ভিত্তিক ফান্ড বেছে নিতে পারেন।

আইডিএফসি ফার্স্ট গ্রাহকরা বিস্তারিত তথ্যও অ্যাক্সেস করতে পারবেন - যেমন হিস্টরিকাল ফান্ড পারফরমেন্স (1Y, 3Y এবং 5Y), হোল্ডিং প্যাটার্নস (সেক্টরস, কোম্পানি এবং মার্কেট ক্যাপ অনুসারে), এবং প্রতিটি ফান্ডের এক্সপার্ট রেটিং (মর্নিংস্টার রেটিং)।

এই বৈশিষ্ট্যটি জনসাধারণের জন্য উপলব্ধ ফান্ড সম্পর্কে তথ্য, অন্তর্দৃষ্টি এবং গ্রাহকদের সহজ বিনিয়োগ যাত্রা একত্রিত করে বিনিয়োগকারীদের প্রিমিয়াম অভিজ্ঞতা প্রদান করে।

## বিজেপির কর্মসূচি ঘিরে প্রস্তুতি



বেবি চক্রবর্ত্তী :কলকাতা

বিজেপির এসপি অফিস অভিযান ঘিরে প্রস্তুতি তুঙ্গে বারুইপুরে। গত ১৯-শে মার্চ, বারুইপুরে বিজেপির কর্মসূচি ঘিরে গন্ডগোল বেঁধেছিল। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বিজেপি বিধায়কদের গাড়িতে হামলার অভিযোগ ওঠে। এরই প্রতিবাদে পুলিশ সুপারের দফতর অভিযানের ডাক দেয় বিজেপি। প্রাথমিকভাবে পুলিশ এই অভিযানের অনুমতি দেয়নি। পরে শর্তসাপেক্ষে অনুমতি দেয় আদালত। আজ বৃহস্পতিবার দুপুর ২ টোয়, এই অভিযান শুরু হওয়ার কথা। তার আগে থেকেই সুপারের অফিস কড়া নিরাপত্তা বলয়ে মুড়ে ফেলা হয়েছে। প্রচুর পুলিশ মোতায়েন করা হয়েছে। জড়ো হতে শুরু করেছেন প্রচুর বিজেপি কর্মী সমর্থক। ইতিমধ্যেই মঞ্চ বাঁধা হয়েছে এসপি অফিসের কাছে।

## সৎ ভাইকে নৌকা থেকে ফেলে দেওয়ার ঘটনায় গ্রেপ্তার মূল অভিযুক্ত দাদা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

জন্মদিনের কেক কিনতে গিয়ে আর ফিরে এলো না বছর ৬ সুব্রত বিশ্বাস। শনিবার সন্ধ্যায় সৎ দাদার হাত ধরে বাড়ি থেকে বের হয়েছিল জন্মদিনের কেক কেনার উদ্দেশ্যে নবদ্বীপে।অবশেষে পুলিশের জালে গ্রেপ্তার ভাগীরথী গঙ্গায় ৬ বছরের শিশুকে নৌকা থেকে ফেলে দেবার ঘটনায় মূল অভিযুক্ত সুমন দত্ত। শনিবার ২২ শে মার্চ রাতে জন্মদিনের কেক কিনতে যাবার নাম করে নবদ্বীপ ব্লকের চরমাঝদিয়া চর ব্রহ্মনগর কপালী পাড়া এলাকার বাসিন্দা জয়দেব বিশ্বাসের ৬ বছরের শিশুপুত্র কে নিয়ে কেক কিনতে নবদ্বীপে যাবার নাম করে বাড়ি থেকে বের হয় বড় সৎ ছেলে সুমন দত্ত।স্বরূপগঞ্জ ঘাট থেকে নৌকা করে নবদ্বীপ বড়ালঘাটে আসার মুখেই নৌকা থেকে সুমন দত্ত তার সৎ ভাইকে গঙ্গায় ফেলে দেয়। এমনটাই অভিযোগ তুলে নবদ্বীপ থানায় অভিযোগ জানায়



জয়দেব বিশ্বাসের পরিবার। অভিযোগ পেয়ে তদন্ত শুরু করে নবদ্বীপ থানার পুলিশ। পুলিশি তদন্তে প্রথমে মূল অভিযুক্ত সুমন দত্তের বাবা মোহন দত্তকে গ্রেপ্তার করে ও গোপন সুত্রে খবর পেয়ে বুধবার রাতে মূল অভিযুক্ত সুমন দত্তকে গ্রেপ্তার করে নবদ্বীপ থানার পুলিশ।

ঘটনাপ্রসঙ্গে নবদ্বীপ থানার আইসি জলেশ্বর তেওয়ারি জানান,ঘটনার অভিযোগ পেয়েই তদন্ত শুরু করে নবদ্বীপ থানার পুলিশ, পাশাপাশি নিখোঁজ শিশুটির খোঁজে শান্তিপুর পর্যন্ত গঙ্গায় বিপর্যয় মোকাবিলা দপ্তরের কর্মীদের দিয়ে তল্লাশিও চালানো হয় কিন্তু এখনো ওই শিশুটির খোঁজ মেলেনি। রবিবার সোমবার দুদিন গঙ্গায় খোঁজ চালানো হয়। তিনি আরও জানান ঘটনায় মূল অভিযুক্ত সুমন দত্তকে গোপন সুত্রে খবর পেয়ে বুধবার রাতে নবদ্বীপ ধাম স্টেশন সংলগ্ন এলাকা থেকে গ্রেপ্তার করা হয়, বৃহস্পতিবার তাকে সাত দিনের পুলিশের হেফাজত চেয়ে নবদ্বীপ আদালতে পাঠানো হয়। পাশাপাশি আরো জানাযায় গ্রেপ্তার হওয়া মূল অভিযুক্ত সুমন দত্ত অভিযোগকারী জয়দেব বিশ্বাসের স্ত্রীর প্রথম পক্ষের সন্তান। ষড়যন্ত্রে লিপ্ত থাকার অভিযোগে কালনা থানার অন্তর্গত সাতগাছিয়া থেকে মোহন দত্ত নামে একজনকে গ্রেফতার করা হয়। স্থানীয় সূত্রেজানা শিশুটির মা বন্দনা বিশ্বাস এটি তার দ্বিতীয় বিয়ে। বছর দশেক আগে বন্দনা দেবী আগের সংসার ছেড়ে চলে আসে নবদ্বীপে। জয়দেব বিশ্বাসের সঙ্গে ঘর সংসার করে। পারিবারিক সূত্রে খবর প্রতিশোধ নেওয়ার জন্যই সুমন দত্ত অর্থাৎ আগের সংসারের ছেলে এই দুর্ঘটনা ঘটিয়েছে।







(১ম পাতার পর)

# কোনো সময় দেওয়া হবে না! রাজ্যের আর্জি খারিজ, জনস্বার্থ মামলায় কড়া নির্দেশ দিয়ে দিল হাইকোর্ট

নির্বাচন করতে হবে।আদালতে অপর পক্ষের অভিযোগ, এর আগে রাজ্যের কলেজ, বিশ্ববিদ্যালয়গুলিতে নিয়মিত ছাত্র সংসদ নির্বাচন হত। ২০১১ সালে তৃণমূল ক্ষমতায় আসার দু'বছর পর থেকেই কলেজ, বিশ্ববিদ্যালয়গুলিতে ছাত্র সংসদ নির্বাচন বন্ধ হয়ে গেছে। আর সেখানে নিজেদের রাজ চালাচ্ছে শাসকদলের ছাত্র সংগঠন। সেই মামলাতেই এবার রাজ্যকে কড়া ডেডলাইন আদালতের ।অভিযোগ ছিল, বছরের পর বছর ছাত্র সংসদ নির্বাচন না করে কলেজে বিশ্ববিদ্যালয়ে দাপিয়ে বেড়াচ্ছে শাসকদল তৃণমূল কংগ্রেস। এই ইসুতেই জনস্বার্থ মামলা দায়ের হয়েছিল কলকাতা হাইকোর্টে। এদিন প্রধান বিচারপতির এজলাসে এই মামলা উঠলে অবিলম্বে কলেজগুলিতে ছাত্র সংসদ নির্বাচন করার নির্দেশ দিয়েছে আদালত। রাজ্যের নির্দেশ খারিজ করে দিয়েছে হাইকোর্ট।

আদালতে মামলা উঠলে তিন মাস সময় চায় রাজ্য। যদিও সেই আবেদন রাখা হয়নি। রাজ্য সরকারের এই আবেদন খারিজ করে দিয়েছে প্রধান বিচারপতি ডিভিশন বেঞ্চ। আদালতের নির্দেশ, তিন মাস নয়, রাজ্যকে স্পষ্ট করতে হবে তারা কখন কীভাবে কলেজ, বিশ্ববিদ্যালয়গুলিতে ছাত্র সংসদ নির্বাচন করবে। তাও তিন সপ্তাহের মধ্যেই।

# ছাব্বিশেই বাংলা দখল, সংসদে দাঁড়িয়ে রাজনীতির কথা শাহের মুখে, প্রতিবাদ তৃণমূলের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

এক বছর পরই বাংলা দখল করে নেবে বিজেপি। সংসদ ভবনে দাঁড়িয়ে একটি বিলের উপর জবাবি ভাষণ দিতে গিয়ে পুরোদস্তর রাজনীতির কথা বললেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। স্বাভাবিকভাবেই প্রতিবাদ এল তৃণমূলের তরফ থেকে।সংসদে দাঁড়িয়ে অমিত শাহর এই দাবিকে অবশ্য গুরুত্ব দিচ্ছে না তৃণমূল। ২০২১ বিধানসভা নির্বাচনের আগেও অমিত শাহ একাধিকবার দাবি করেন যে বিজেপির বাংলা দখল সময়ের অপেক্ষা। রাজ্যে দু'শোর বেশি আসন পাওয়ার দাবিও শোনা যায় স্বরাষ্ট্রমন্ত্রীর মুখে। কার্যক্ষেত্রে দেখা যায়, দু'শো তো দূর, একশোর ধারেকাছেও যেতে পারেনি গেরুয়া শিবির। তৃণমূল বলছে, সংসদে দাঁড়িয়ে শাহের করা



ওই দাবির যে বিশেষ গুরুত্ব নেই সেটা আগের ফলাফলেই স্পষ্ট।বুধবার লোকসভায় ত্রিভুবন সহকারি ইউনিভার্সিটি বিলের উপর জবাবি ভাষণে কেন্দ্রীয় স্বরারাষ্ট্রমন্ত্রী দাবি করেন ছাব্বিশের পরই 'বাংলায় পদ্ম ফুটবে, আয়ুষ্মান ভারত প্রকল্পও চালু হবে।' অমিত শাহ এদিন লোকসভায় বক্তব্য রাখতে গিয়ে দিল্লির বিধানসভা নির্বাচনের প্রসঙ্গ আনেন।স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "দেশের বহু রাজ্যে বিজেপি ক্ষমতায় এসেছে। রাজধানী দিল্লিও দখল করেছে। সেখানকার মানুষ এতদিন আয়ুষ্মান ভারত প্রকল্পের সুবিধা পেতেন না। এবার থেকে পাবেন। তাঁরা চিকিৎসা ক্ষেত্রে ৫ লাখ টাকার সুবিধা পাবেন।"

এর আগে এই বিলের উপর আলোচনায় অংশগ্রহণ করে তৃণমূলের বর্ষীয়ান সাংসদ সৌগত রায়, শাহকে নিশানা করেন। আমূলের মত কো-অপারেটিভের স্বয়ংশাসিত ব্যবস্থা নষ্ট হতে পারে বলে তিনি আশঙ্কা প্রকাশও করেছিলেন শাহ যখন এ কথা বলছেন, তখনই প্রতিবাদ শুরু করেন তৃণমূল সাংসদরা। তখনই অমিত শাহ বলেন, 'দিল্লিতে বিজেপি ক্ষমতায় এসেছে। আগামী বছর পশ্চিমবঙ্গেও কমল ফুটবে। তখন সেই রাজ্যের মানুষও আয়ুষ্মান ভারতের সুবিধা পাবেন।'

# নবম শ্রেণির পড়ুয়াদের যৌন হেনস্থার অভিযোগ




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**কলকাতা:-** নবম শ্রেণির দুই পড়ুয়াকে যৌন হেনস্থার অভিযোগ ঘিরে বুধবার রাতে উত্তেজনা ছড়ায় হাওড়ায়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, হাওড়ার বাসিন্দা এক অঙ্কন-শিক্ষক এবং তার এক বন্ধু ওই দুই পড়ুয়াকে মাদক মেশানো ঠান্ডা পানীয় খাইয়ে যৌন হেনস্থার চেষ্টা করে বলে অভিযোগ। গত

এরপর ৬ পাতায়

## আত্মশান্তির অনুসন্ধানী সাধকদের জন্য জ্ঞানসাধনা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**নতুন দিল্লি/মুম্বই** । (সেবা সংস্থা) ট্রাস্ট গত ২৫ বছর থেকে 'হিমালয় সমর্পণযোগ'-এর মাধ্যমে লক্ষাধিক সাধকদের কাছে জ্ঞান প্রদান করেছে। এই সংস্থার রজত জয়ন্তী সভা ৩০ মার্চ ২০২৫ তারিখে সন্ধ্যা ৬ টা বাজে, বালক শান্তিপূর্ণ পশ্চিম উদ্যান, বোরীবলি মুম্বাইয়ে সুন্দরভাবে অনুষ্ঠিত হবে।

এই সুযোগে সদ্গুরু শ্রী শিবকৃপানন্দ স্বামীজির নির্দেশনা এবং আশির্বাদ লাভ করার দুর্লভ সুযোগ। এই বিকল্পের মাধ্যমে, স্বামিজি চ্যামোর ভারতে নয়, বরং সমগ্র বিশ্ব থেকে এসেছেন সাধকদের আত্মশুদ্ধি এবং দিব্য অর্জনের অনল সুযোগ অভিজ্ঞতা। সেই সাথে, যাও সাধক মনোযোগ এবং আত্মসাধনার দিক নির্দেশনা পেতে চাই, তাদের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ সুযোগ হবে। আজ কি ভাগদৌড় ভরি জিন্দগীতে শান্তি ও আত্মসাক্ষাৎকার অনুসন্ধানে অনেক সাধক 'হিমালয় সমর্পণযোগ'-এর মাধ্যমে আধ্যাত্মিক জ্ঞান অর্জন করা যায়।

# সম্পাদকীয়

## বারুইপুর থেকে হুমকি শুভেন্দুর

বিজেপি-র প্রতিবাদ সভা থেকে ফের তৃণমূলকে তীব্র আক্রমণ বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর। পশ্চিমবঙ্গ থেকে তৃণমূলকে উৎখাত করার ডাক দিলেন তিনি। শুভেন্দুর দাবি, বিহারে একসময় 'জঙ্গল রাজ' ছিল। অশ্বমেধের ঘোড়া নরেন্দ্র মোদি এবং বিজেপি সেই 'জঙ্গল রাজ' খতম করেছেন। বারুইপুরে তাঁর উপর যেমন হামলা হয়েছে, তেমনই দিল্লিতেও শাসকদলের সাংসদরা রয়েছেন বলে এদিন তৃণমূলকে স্মরণ করিয়ে দেন শুভেন্দু।

রামনবমীর আগে হিন্দুদের একজোট হতেও আহ্বান জানান শুভেন্দু। তাঁর বক্তব্য, "হিন্দুরা, যদি বাঁচতে চাও বিভেদ ভুলে এক হও। জনতার জাগরণ, মমতার বিসর্জন, বেকারদের কান্না...মমতার বিসর্জন, নারীদের কান্না, মমতার বিসর্জন। রামনবমী হচ্ছে ভাল করে করছেন, তারপর হনুমান জয়ন্তী করবেন, হিন্দু জেগে গিয়েছে। আমরা ৪০ পার্সেন্ট ভোট পাচ্ছি। হিন্দুরা যাঁরা ভোট দিতে যান না, দয়া করে বাড়ি থেকে বেরোন। বাংলাদেশ দেখছেন তো, ভোট নষ্ট করবেন? তৃণমূল, কংগ্রেস সিপিমএকে দেবেন? পরিবেশ তৈরি করে দেব, জেলে যাবে। মোদিজির স্লোগান না খায়ুঙ্গা না খানে দুঙ্গা।"

এর আগে বারুইপুরেই শুভেন্দুর কর্মসূচি ঘিরে ঝামেলা হয়েছিল। সেখানে তাঁর উপর হামলা হয়েছিল বলে অভিযোগ করেছিলেন শুভেন্দু। এর পর কলকাতা হাইকোর্টের অনুমতি নিয়ে বৃহস্পতিবার বারুইপুরেই SP অফিসের বাইরে প্রতিবাদ সভা করেন শুভেন্দু। আর সেখান থেকেই তৃণমূলকে আক্রমণ করেন তিনি। সেখানে শুভেন্দু বলেন, "এই জেলায় গণতন্ত্র বলে কিছু নেই। আমাদের করের টাকায় বেতন নেওয়া পুলিশ এর জন্য দায়ী। পুলিশ, কতগুলো চোর আইপিএস অফিসার মিলে মমতা বন্দ্যোপাধ্যায় এবং ভাইপোর ইশারায় জেলাকে কার্যত জতুগৃহে পরিণত হয়েছে।" (West Bengal BJP)

ভোট পরবর্তী হিংসায় বিজেপি কর্মীদের খুন করা হয়েছে বলে এদিন অভিযোগ করেন শুভেন্দু। সেই সঙ্গে জেলায় হিন্দুদের ভোট দিতে হয়নি বলেও অভিযোগ করেন। তাঁর বক্তব্য, "গত লোকসভা নির্বাচনে জেলায় কোনও হিন্দুকে ভোট দিতে দেওয়া হয়নি। যা খুশি করা হয়েছে। ক্যানিং, গোসাবা, মগরাহাট, মেটিয়াব্রুজ, ফলতা, ডায়মন্ডহারবার, এমন কোনও জায়গা নেই, যেখানে '২৪-এ ভোট লুঠ হয়নি। প্রত্যেক বুথে আট জন করে পোলিং এজেন্ট রাখা হয় বিশেষ সম্প্রদায়ের, বিশেষ গুন্ডাদের, শান্তির ছেলেদের। নিউটনের তৃতীয় সূত্র আছে, প্রত্যেক ক্রিয়ার সমান এবং বিপরীতধর্মী প্রতিক্রিয়া আছে। পৃথিবীটা গোল হবে। সব হিসেব হবে।"

শুভেন্দু আরও বলেন, "আমি ১৯৮৮ থেকে রাজনীতি করি। একসময় লক্ষ্মণ শেঠ আমাকে বলত, 'ঢুকে দেখ, পা ভেঙে দেব'। ক্যালেন্ডার হয়ে গিয়েছে। সুশান্ত ঘোষকে দেখতে পাওয়া যায় না। আক আপনারা ভাবছেন এই ভাইপো অ্যান্ড কোম্পানি চিরদিন থাকবে! না থাকবে না।। উত্তরপ্রদেশেও ১০ বছর আগে মুলায়ম সিংহ যাদব থাকবেন জানত সকলে। বিহারে বলত, 'সমোসা মে আলু, অউর বিহার মে লালু'। জঙ্গল রাজ ছিল, খতম হয়ে গিয়েছে। অশ্বমেধের ঘোড়া নরেন্দ্র মোদি, বিজেপি। আটকাবেন কী করে, ২১ রাজ্যে বিজেপি। আমার গাড়ি ভাঙলেন। দিল্লিতে তো আপনাদের সাংসদরা যান! আমরা এগুলো করি না। কিন্তু আমি যদি দিল্লির প্রদেশ বিজেপি-কে ভিডিওগুলো দেখিয়ে বলি, পার্লামেন্ট অবধি যেতে পারবেন তো! আমরা করব না। চিন্তা নেই। বলছি, ধরে নেন। আমরা তো সমুদ্র, তোমরা পচা পুকুর। অমিত শাহ গতকাল বলেছেন, আয়ুষ্মান ভারত দিল্লিত চালু হয়েছে। অভি বঙ্গাল বাকি হ্যায়। অগলে সাল বঙ্গাল মে ভি চালু হো জায়েগা।"

মমতা বন্দ্যোপাধ্যায়কে আক্রমণ করে শুভেন্দু বলেন, "ভবানীপুর থেকে লেঙড়ে লেঙড়ে ওপারে গিয়েছিল নদী পেরিয়ে। শুভেন্দুকে হারাব, গদ্দার। আরে পৃথিবীর সবচেয়ে বড় গদ্দার মমতা বন্দ্যোপাধ্যায়। '৯৮ সালে ফ্যালফ্যাল করে ঘুরতেন। অটলজি, ভারতরত্ন, আমাদের সম্পদ আশ্রয় দিয়েছিলেন। নইলে রাস্তায় ঘুরছিলেন তো! অটলজির সঙ্গে বেইমানি! হাসপাতালে শুয়েছিলেন, রাজীবজি এসে বললেন, আপনাকে যুবনেত্রী করে দিলাম। রাজীবজির সঙ্গে বেইমানি করেছেন। নন্দীগ্রামে ২৬ শতাংশ মুসলিম ভোট, ৬৫ হাজার। ভাবলেন, আমি ৬৫ হাজার দিয়ে শুরু করব। শুভেন্দু শূন্য থেকে শুরু করবে। ১৯৫৬ ভোটে হারিয়ে দিলাম। অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে জিতিয়েছি। আমি পেরেছি, আপনারাও পারবেন।"

# জঙ্গলের দেবী মা মনসা



মৃত্যুঞ্জয় সরদার
(ষষ্ঠ পর্ব)





অষ্ট নাগ পরিবৃতা, উন্নত কুচ যুগল সম্পন্না , সর্পিণী , ইচ্ছা মাত্র রূপ ধারিনী দেবীকে বন্দনা করি।) ব্রহ্মবৈবর্ত পুরাণ, দেবী ভাগবত পুরানে মনসা দেবীর লীলা ও ঘটনা বর্তমান । আর সেই কারণে আমি ছোট থেকে দেখে এসেছি আমাদের বাড়িতে পিতা ও মাতা মনসা নামে একটি গাছকে, মনসা দেবীর আজও পূজা করে চলেছে।আজও আমরা সেই রীতি-রেওয়াজ এখনো মেনে মেনে চলি প্রতি শনি ও মঙ্গলবার এ মনসা দেবী পূজিত হয় আমাদের বাস্তব বাড়ির উপরে।আমার ছোটবেলার দেখার দেবীর সেই ইতিহাস খুঁজতে খুঁজতে বহু

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# পুড়ল বাড়ি, আত্মঘাতী গৃহকর্তা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**কলকাতা:-** গভীর রাতে আগুন লেগেছিল লিলুয়া থানার অন্তর্গত একটি বাড়িতে। বিস্ফোরণের শব্দ শুনে প্রতিবেশীরা ছুটে এসে দেখেন, বাড়িটি দাউ-দাউ করে জ্বলছে। তার পাশেই একটি গাছ থেকে গলায় ফাঁস দেওয়া অবস্থায় ঝুলছেন এক ব্যক্তি। বৃহস্পতিবার এই ঘটনাটি ঘটেছে লিলুয়া থানার অন্তর্গত তাঁতিপাড়ায়। এই দৃশ্য দেখে পাড়া-প্রতিবেশী ও স্থানীয় লোকজনই পাশের জলাশয় থেকে বালতিতে জল নিয়ে আগুন নেভানোর কাজে হাত লাগান। পরে দমকলের দু'টি ইঞ্জিন এসে আগুন নিয়ন্ত্রণে আনে। ঘটনাস্থলে পুলিশ পৌঁছে, মৃতদেহটিকে নামিয়ে হাওড়া জেলা হাসপাতালে পাঠায়। মৃতের নাম অরুণ রায়। প্রাথমিক তদন্তে পুলিশ জেনেছে, বুধবার একটি ধর্মীয় অনুষ্ঠানে যোগ দিতে মৃত অরুণের স্ত্রী ও সন্তান ঠাকুরনগরে গিয়েছিলেন। বাড়িতে একাই ছিলেন ওই ব্যক্তি। তদন্তকারী সূত্রের খবর, অরুণের সঙ্গে তার স্ত্রীর বনিবনা ঠিক ছিল না। তারা একই বাড়িতে আলাদা থাকতেন। তাই প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, সম্ভবত সাংসারিক অশান্তির জেরে গ্যাস সিলিন্ডার খুলে বাড়িতে আগুন লাগিয়ে আত্মঘাতী হয়েছেন অরুণবাবু।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

এমন লোক খুব কমই আছে যে শনির নাম শুনে ভীত হয় না। সূর্য দেবের নয় পুত্র এর মধ্যে শনির নাম বিশেষ উল্লেখযোগ্য। সূর্য দেবের পত্নী ছায়ার পুত্র শনি দেবের গায়ের বর্ণ কালো । শনি ছোট বেলা থেকে বদ মেজাজি ।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# পাইকারি বাজারে হানা, কলকাতায় উদ্ধার ২০ লক্ষের জাল ওষুধ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**কলকাতা:-** ফের জাল ওষুধের কারবারের বাড়বাড়ন্ত। খোদ কলকাতায় ধরা পড়ল জাল ওষুধের কারবারি। পাইকারি ওষুধের বাজারে ধরা পড়ল সন্দেহজনক ওষুধ। সেগুলি আপাতত পরীক্ষার জন্যে পাঠানো হচ্ছে। সতর্ক করা হয়েছে ওষুধ বিক্রেতাদের। তাদের বোঝানো হয়েছে কীভাবে তারা আসল নকলের পার্থক্য করবে। এর পরেও যদি তাদের ভুল হয় তবে আইনি পদক্ষেপ নেওয়া হবে জানিয়েছে ড্রাগ কন্ট্রোল বিভাগের আধিকারিকরা।ড্রাগ কন্ট্রোল বিভাগের আধিকারিকদের প্রাথমিক অনুমান, বাজেয়াপ্ত করা বেশির ভাগ ওষুধই ভুয়ো। সব থেকে আশঙ্কার যেটা, তা হলো আসল ওষুধের সঙ্গে এক বাক্সেই ছিল সন্দেহজনক ওষুধগুলি। ফলে সাধারণ ক্রেতারা আসল ওষুধ ভেবেই সেগুলি কিনে থাকেন।



যাতে সন্দেহ না হয় তাই জাল ওষুধ গুলি আসল ওষুধের বাক্সে রাখা ছিল।দশ পাতার একটি ওষুধের বাক্সে ৭-৮ পাতা আসল ওষুধের পাশে মিলছে সন্দেহজনক দু'-তিন পাতা। এই তালিকায় রয়েছে ব্লাড সুগার, রক্তচাপ নিয়ন্ত্রণ, হৃদযন্ত্র সুস্থ রাখার ওষুধ। রয়েছে অ্যান্টিবায়োটিক, হাঁপানির ওষুধও। আপাতত নকল ওষুধ গুলো আলাদা করে সরিয়ে রাখা হয়েছে। ওগুলো পরীক্ষাগারে পাঠানো হবে।উল্লেখ্য, দেশ জুড়ে চড়চড়িয়ে বাড়ছে জাল ওষুধের ব্যবসা। শিকার বানানো হচ্ছে সাধারণ মানুষদের। তদন্তকারী আধিকারিকরা সাধারণ মানুষকে সতর্ক করেছেন ওষুধ কেনার সময়ে অবশ্যই ক্যাশ মেমো নিতে হবে। তাতে যেন ব্যাচ নম্বরের উল্লেখ থাকে। খুচরো বিক্রেতাদের বলা হয়েছে, অনুমোদিত ডিলার বা স্টকিস্টদের থেকেই ওষুধ নিতে। জাল ওষুধের অনুসন্ধানে এখন সব স্তরেই তল্লাশি চলবে।

# বিজেপির পরবর্তী রাজ্য সভাপতির নাম ঘোষণা কবে? : ইঙ্গিত দিলেন দিলীপ ঘোষ



**বেবি চক্রবর্তী: কলকাতা**

বিজেপির পরবর্তী রাজ্য সভাপতির নাম ঘোষণা কবে? এখন এই প্রশ্নটি রাজনৈতিক মহলে ঘুরপাক খাচ্ছে। আগামী বছর রাজ্যে বিধানসভা নির্বাচন। তার আগে বিজেপির রাজ্য সভাপতির পদে দায়িত্ব কাকে দেওয়া হবে, তা নিয়ে জোরকদমে আলোচনা পর্ব চলছে। সুকান্ত মজুমদার কি আবার দলের রাজ্য সভাপতি পদে থাকবেন, নাকি বিজেপি নতুন কাউকে দায়িত্ব দেবে—এই নিয়ে জল্পনা তুঙ্গে। তবে বিজেপি নেতা দিলীপ ঘোষ কিছু ইঙ্গিত দিয়েছেন, যা থেকে কিছুটা আঁচ করা যাচ্ছে।

বৃহস্পতিবার নিউটাউন ইকোপার্কে প্রাতঃভ্রমণে বেরিয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিজেপি নেতা দিলীপ ঘোষ জানান, 'আমার কাছেও দলের কর্মীরা এই প্রশ্ন করছেন। তবে এটি দলের সর্বোচ্চ নেতৃত্ব-ই সিদ্ধান্ত নেবেন। সেটা সময় মতো এবং নিয়ম মেনেই হবে।' তিনি আরও বলেন, 'কথাবার্তা চলছে, তবে এখনও চূড়ান্ত কিছু হয়নি।' দিলীপ ঘোষের এই মন্তব্য থেকে স্পষ্ট যে, রাজ্য সভাপতির পদ নিয়ে আলোচনা শুরু হলেও, এখনও চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া

এরপর ৬ পাতায়

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



(৫ পাতার পর)

# বিজেপির পরবর্তী রাজ্য সভাপতির নাম ঘোষণা করবে? : ইঙ্গিত দিলেন দিলীপ ঘোষ

হয়নি। তবে তিনি আশা প্রকাশ করেছেন যে, সবকিছুই সঠিক সময়ে এবং দলের শৃঙ্খলা মেনে সিদ্ধান্ত হবে।

এদিন দিলীপ ঘোষ আরও বলেন, 'বিজেপিতে প্রতি তিন বছর অন্তর সাংগঠনিক নির্বাচন হয়। সেটা চলছে। শুধু এ রাজ্যে নয়, সব রাজ্যের ক্ষেত্রেই প্রক্রিয়া এক। সর্বভারতীয় নেতারা যাতে উপযুক্ত মনে করবেন, তাঁকে দায়িত্ব দেবেন। আমাদের আগামী বছর নির্বাচন বলে হয়তো মনে হচ্ছে। আমাকেও কর্মীরা বলেছেন, দাদা নতুন রাজ্য সভাপতি নাম কবে ঘোষণা হবে? আমি অপেক্ষা করতে বলেছি। দলের উপর আস্থা রাখতে বলেছি।' কিন্তু দলের অভ্যন্তরে অনেকেই মনে করছেন, আগামী নির্বাচনের আগে কোনও ধরনের হঠাৎ পরিবর্তন চায় না বিজেপি।

এদিকে, দিলীপ ঘোষের সক্রিয় ভূমিকা দেখে অনেকেই মনে করছেন, পরবর্তী রাজ্য সভাপতি হিসেবে তাঁকেও আবার দায়িত্ব দেওয়া হতে পারে। যদিও দিলীপ ঘোষ নিজে এই বিষয়ে কিছু বলতে চাননি। তিনি জানান, 'আমি গত ১০ বছর একই রকম ফর্মে আছি। যারা আমাকে জানেন না, তারা হয়তো এই কথা বলতে পারেন।'

রাজ্য সভাপতি নিয়ে এই সিদ্ধান্ত কবে হবে, সে প্রশ্নের উত্তরে দিলীপ ঘোষ আরও জানান, 'নমিনেশন পর্বের পর রাজ্য সভাপতি নির্বাচন হবে। এই নমিনেশন এখনো হয়নি, তবে একবার নমিনেশন শুরু হলে খুব শিগগিরই নির্বাচনেরও দিনক্ষণ ঘোষণা হয়ে যাবে।'

২০২১ সালের বিধানসভা নির্বাচনের পর, সুকান্ত মজুমদারকে রাজ্য সভাপতি পদে দায়িত্ব দেওয়া হয়েছিল। তারপর থেকে অনেক সময় গড়িয়েছে, এবং সুকান্তের নেতৃত্বে বিজেপি রাজ্য রাজনীতিতে অনেক কিছু অর্জন করেছে। তবে এখন দলের অন্দরে এই বিষয়টি নিয়ে চর্চা চলছে। কেউ কেউ মনে করছেন, সুকান্ত মজুমদারকে আগামী বিধানসভা ভোট পর্যন্ত রাখা হতে পারে, কারণ দল নতুন করে কোনো ঝুঁকি নিতে চায় না। তবে, দলীয় সংগঠন এবং বিভিন্ন জেলা সভাপতিদের নাম ঘোষণার পর যেসব ক্ষোভ দেখা দিয়েছে, তা আগামী ভোটের আগে যেন আরও বাড়িয়ে না দেওয়া হয়, এই চিন্তা থেকেই হয়তো বিজেপি নতুন কোনো ঝুঁকি দিতে চাইছে না।

সবমিলিয়ে, বিজেপির পরবর্তী রাজ্য সভাপতি নিয়ে অপেক্ষা বাড়ছে। দিলীপ ঘোষের কথায়, 'সব সিদ্ধান্ত দিল্লি থেকেই নেওয়া হবে,' তাই চূড়ান্ত সিদ্ধান্তের জন্য সবাই দিল্লির দিকেই তাকিয়ে রয়েছেন।

(২ পাতার পর)

## নবম শ্রেণির পড়ুয়াদের যৌন হেনস্থার অভিযোগ

রবিবার ঘটনাটি ঘটলেও দুই পড়ুয়া প্রথমে বাড়িতে কিছু জানায়নি। শেষে দুই পরিবারের লোকজন সব জানতে পারার পরে বুধবার রাতে লিলুয়া থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। দুই ছাত্রীর পরিবারের অভিযোগ, ওই ঘটনা ঘটার পরে তারা আত্মঘাতী হওয়ার চেষ্টা করেছিল। পুলিশ জানিয়েছে, অভিযুক্ত অঙ্কন-শিক্ষকের বিরুদ্ধে আগেও একই ধরনের অভিযোগ উঠেছিল। কিন্তু শিক্ষকের বাবা শাসকদলের প্রভাবশালী নেতা হওয়ায় ওই শিক্ষকের বিরুদ্ধে মুখ খোলার সাহস করতেন না কোনও ছাত্রী। রবিবার এই ঘটনা ঘটার পরে অভিযুক্ত অঙ্কন-শিক্ষক ও তার বন্ধু পলাতক। পুলিশ তাদের খোঁজ শুরু করেছে।

## এবার গাড়ি আমদানির ওপর ২৫ শতাংশ শুল্কারোপের ঘোষণা ট্রাম্পের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

এবার গাড়ি আমদানির ওপর ২৫ শতাংশ শুল্ক আরোপের ঘোষণা দিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। আশঙ্কা করা হচ্ছে, ট্রাম্পের এমন সিদ্ধান্ত বাণিজ্যিক অংশীদারদের পাল্টা ব্যবস্থা নিতে উৎসাহিত করবে। ফলে বাণিজযুদ্ধ আরও ছড়িয়ে পড়বে।

ট্রাম্পের এই ঘোষণার পর বৃহস্পতিবার এশিয়ার বাজার খোলার সঙ্গে সঙ্গে গাড়ি নির্মাতাদের শেয়ারের দামে ব্যাপক পতন হয়েছে।

জাপান সরকার ওয়াশিংটনের এই পদক্ষেপকে অত্যন্ত দুঃখজনক বলে বর্ণনা করেছে। দেশটির প্রধানমন্ত্রী শিগেরু ইশিবা বলেছেন, টোকিও সব ধরনের পাল্টা ব্যবস্থা বিবেচনা করছে।

ট্রাম্প ওভাল অফিসে এ সংক্রান্ত আদেশে সই করার সময় বলেন, আমরা যা করতে যাচ্ছি তা হলো যুক্তরাষ্ট্রে তৈরি নয় এমন সব গাড়ির ওপর ২৫ শতাংশ শুল্ক আরোপ করা হবে। এই শুল্ক ৩ এপ্রিল থেকে কার্যকর হবে।

কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি ট্রাম্পের শুল্ক আরোপকে তার দেশের কর্মীদের ওপর সরাসরি আক্রমণ বলে অভিহিত করেছেন। পাল্টা পদক্ষেপের বিষয়ে আলোচনা করার জন্য বৃহস্পতিবার মন্ত্রিসভার বৈঠক করবে বলেও উল্লেখ করেন তিনি।

এর আগে যুক্তরাষ্ট্রে প্রবেশ করা সব ইস্পাত ও অ্যালুমিনিয়ামের ওপর ২৫ শতাংশ আমদানি শুল্ক আরোপ করেছেন ডোনাল্ড ট্রাম্প। বিশেষজ্ঞদের মতে, তার এই নতুন বাণিজ্যনীতিতে সবচেয়ে বেশি প্রভাব পড়বে কানাডার ওপর।

কানাডা ও মেক্সিকো যুক্তরাষ্ট্রের অন্যতম বড় ইস্পাত বাণিজ্য অংশীদার। পাশাপাশি, কানাডা দেশটির সবচেয়ে বড় অ্যালুমিনিয়াম সরবরাহকারীও বটে।

সম্প্রতি ফ্রান্স ও ইউরোপীয় ইউনিয়নের দেশগুলোর ওয়াইন-শ্যাম্পেনসহ অন্যান্য অ্যালকোহলযুক্ত পণ্যের ওপর ২০০ শতাংশ শুল্ক আরোপের হুমকি দিয়েছেন ট্রাম্প।

# সিনেমার খবর

## আবারও বিয়ে করছেন মধুমিতা!

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন


মধুমিতা সরকার

টালিউড অভিনেত্রী মধুমিতা সরকার তার নতুন প্রেমের খবর অনেক আগেই ভক্তদের সঙ্গে শেয়ার করেছিলেন। গেল পূজায় তিনি তার প্রেমিকের সঙ্গে পরিচয় করিয়ে দেন, যা ভক্তদের মন ভেঙে দিয়েছিল। তাদের সম্পর্কের বয়স প্রায় ৫ বছর।

মধুমিতার প্রেমিকের নাম দেবমাল্য চক্রবর্তী, যিনি ইন্ডাস্ট্রির বাইরে একজন আইটি সেক্টরের পেশাজীবী। তারা মাঝে মাঝে একসঙ্গে ঘুরতে বেরিয়ে পড়েন, এবং সম্প্রতি সিকিমের ইয়ামথাং ভ্যালিতে দোল উদযাপন করেছেন।

মধুমিতা জানিয়েছেন, 'আমাদের পরিকল্পনা আছে ডিসেম্বর মাসে অথবা আগামী বছরের শুরুর দিকে বিয়ে করার। কারণ শীতকাল আমাদের দুজনেরই খুব পছন্দ।'

পাহাড় তাদের এতটাই ভালোবাসার জায়গা যে, তিনি বলেন, 'বিয়ে না হওয়ার আগে আমরা পাহাড়ে আরও স্মৃতি তৈরি করে যাব।'

সিকিমের ইয়ামথাং ভ্যালিতে দেবমাল্য চক্রবর্তীর সঙ্গে মধুমিতা সরকার। ছবি: ফেসবুক

অভিনেত্রী আরও জানিয়েছেন, '২০১৯ সালে প্রথম দেখা হলেও তখন যোগাযোগ ছিল না। তবে মাসখানেক আগে আমাদের আবার দেখা হয় এবং তারপর থেকেই যোগাযোগ শুরু হয়। প্রথমে বন্ধু হিসেবে কথা বলতাম, তারপর সব কিছু বদলে যায়।'


শীতকালে বিয়ে হওয়ার সম্ভাবনা বেশ জোরালোভাবে জানিয়েছেন মধুমিতা।

তিনি 'বোঝে না সে বোঝে না' ধারাবাহিকের পাখি চরিত্রে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছিলেন। এরপর তিনি সিনেমায় পা রাখেন, এবং তার ঝুলিতে রয়েছে 'পরিবর্তন', 'লাভ আজ কাল পরশু', 'চিনি', 'দিলখুশ', 'সূর্য', 'কুলের আচার'সহ বেশ কিছু সিনেমা।

অল্প বয়সে প্রথম বিয়ে করেছিলেন মধুমিতা, অভিনেতা-পরিচালক সৌরভ চক্রবর্তীর সঙ্গে। কিন্তু সেই সম্পর্ক দীর্ঘস্থায়ী হয়নি এবং ২০১৯ সালে তাদের বিচ্ছেদ ঘটে। এরপরই দেবমাল্যর সঙ্গে তার পরিচয় হয়। প্রথম বিয়ে ভাঙার পর অভিনেত্রী ক্যারিয়ারে মনোযোগ দেন, কিন্তু গত বছর পূজার সময় নতুন প্রেমে সঙ্গী হন এবং তা তিনি নিজেই ঘোষণা করেছিলেন।

## বিদেশি স্বামীকে কেন ভাগ্যবান মনে করেন প্রীতি?

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



বিদেশি নাগরিককে বিয়ে করার পর লস অ্যাঞ্জেলসে সংসার করছেন বলিউড অভিনেত্রী প্রীতি জিনতা। যদিও ভারতে নিয়মিত আসয়া করেন। যুক্তরাষ্ট্রের নাগরিক জেন গুডএনাফের সঙ্গে বিয়ের পরেও নিজের দেশের সঙ্গে বন্ধন আলগা হয়নি প্রীতির। বরং নিজের সংসারে দুই সংস্কৃতির মিশ্রণ ঘটিয়েছেন তিনি। তার দুই ছেলেমেয়ে জয় ও জিয়া, তাদের বড় করে তুলেছেন মিশ্র সংস্কৃতির আবহে। তারা যতটা ভারতীয়, ততটাই মার্কিন।

ভারতীয় গণমাধ্যমের এক প্রতিবেদনে বলা হয়, একটা সময় প্রীতি নাকি প্রায় নিঃস্ব হয়ে গিয়েছিলেন। সেই সময় ভারতীয় শিল্পপতির সঙ্গেও প্রেম ভেঙে যায় অভিনেত্রীর। তারপরই জীবনে আসেন গুডএনাফ। যদিও নিজের স্বামীকেই বেশি ভাগ্যবান মনে করেন প্রীতি।

সম্প্রতি দুই ছেলে-মেয়ে, স্বামীকে নিয়ে হোলি উদ্‌যাপন করেছেন অভিনেত্রী। সামাজিক যোগাযোগ মাধ্যমে ছবি পোস্ট করে অভিনেত্রী লেখেন, 'ভারতীয় মার্কিন পরিবার হিসেবে আমরা একে অপরের উৎসব এবং সংস্কৃতি উদ্‌যাপন করার চেষ্টা করি, তাই বাচ্চারা উভয় দিকের শিকড় সম্পর্কে জানে।'

## প্রাক্তন স্ত্রীর সাফল্যে যা বললেন হৃতিক


হৃতিক রোশান

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বলিউডের অন্যতম তারকা জুটি ছিল হৃতিক রোশান-সুজান খান। প্রেম করে বিয়ে করেছিলেন তবে সংসার টেকেটি হেঁটেছেন বিচ্ছেদের পথে। তবে দু'জনের যোগাযোগ রয়েছে, এমনকি বার কয়েক প্রকাশ্যে একসঙ্গে দু'জনকে দেখাও গেছে।

তাদের মধ্যে যে বন্ধুত্ব, সৌজন্যতা অটুট আছে, তা আরও একবার প্রমাণিত। সুজানের ক্যারিয়ারের জন্য সামাজিক যোগাযোগ মাধ্যমে শুভেচ্ছা জানিয়েছেন হৃতিক।

ইন্টিরিয়ার ডিজাইনার হিসেবে সুজানের যথেষ্ট পরিচিতি আছে। তার সংস্থার নাম 'দ্য চারকোল প্রজেক্ট'। এবার সেই সংস্থার নতুন আউটলেট খুলল ভারতের হায়দরাবাদে।

ইনস্টাগ্রামে সুজানকে ট্যাগ করে একটি ভিডিও পোস্ট করেছেন হৃতিক। সেই ভিডিওতে সুজানের নতুন স্টোরের কিছু ছবির কোলাজ করা হয়েছে। পুরো স্টোরটাই সুজানের পরিকল্পনামাফিক সাজানো হয়েছে।

এই ভিডিওটির সঙ্গে সুজানের উদ্দেশে একটি নোটও লেখেন হৃতিক। অভিনেতা লেখেন, 'আমি তোমার জন্য গর্বিত। ২০ বছর আগে তুমি এই স্বপ্ন দেখতে শুরু করেছিলে। আজ তুমি তোমার সেই স্বপ্নপূরণের পথে আরও এক ধাপ এগিয়ে গেলে।'

তার কথায়, 'আমি তোমায় কোনও সাহায্য করতে পারিনি। কিন্তু ছোট্ট মেয়েটি নিজেই সব করে ফেলেছে। আমি হায়দরাবাদের এই স্টোরের নকশা, অন্দরসজ্জা দেখে চমকে গিয়েছি। তুমি আরও সফল হও।'

# মেসি থাকলে আরও দুই-তিন গোল হজম করত ব্রাজিল : আলভারেস

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

বিশ্বকাপ বাছাইপর্বে ব্রাজিলের বিপক্ষে চোটের কারণে লিওনেল মেসি খেলতে পারেননি। তবে এর প্রভাব আর্জেন্টিনার পারফরম্যান্সে পড়েনি।

ব্রাজিলকে ৪-১ ব্যবধানে বিশাল জয় উপহার দিয়ে বিশ্বকাপের মূল পর্ব নিশ্চিত করেছে আর্জেন্টিনা। তবে দলের স্ট্রাইকার হুলিয়ান আলভারেস মনে করেন, যদি মেসি খেলতেন, তাহলে ফলাফল আরও ভালো হতে পারতো। তার মতে, ব্রাজিল আরও দুই-তিন গোল খেতে পারতো।



বুধবার বাংলাদেশ সময় সকালে অনুষ্ঠিত ম্যাচে ব্রাজিলের রাফিনিয়া আগের দিন হুঙ্কার দিয়েছিলেন, তারাও আর্জেন্টিনাকে দেখিয়ে দেবে। তবে মাঠে পরিস্থিতি ছিল উল্টো। ব্রাজিল কোনো প্রতিরোধ গড়ে তুলতে পারেনি, বরং আর্জেন্টিনার একের পর এক আক্রমণ ও গোলের সামনে কোণঠাসা হয়ে পড়ে।

মেসি না থাকলে ব্রাজিলের অবস্থা এমন ছিল, কিন্তু মেসি থাকলে আর্জেন্টিনা আরও বড় ব্যবধানে জিততে পারতো বলে মনে করেন আলভারেস। তিনি বলেন, 'মেসি থাকলে আমরা হয়তো আরও দুই-তিনটি গোল করতে পারতাম।'

আলভারেসের এই মতের সঙ্গে একমত রদ্রিগো দে পলও। তিনি বলেন, 'আমাদের দলের সেরাটা আমরা সবসময় মেসি খেলে থাকার সময়ই পাই। কারণ সে সর্বকালের সেরা ফুটবলার।'

## কেকেআরের সবাই বাজিতে আসক্ত! বিস্ফোরক দাবি রমনদীপের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

কলকাতা নাইট রাইডার্সের (কেকেআর) কমবেশি সব ক্রিকেটার গেমিংয়ে বাজি ধরেন বলে বিস্ফোরক দাবি করেছেন দলের সাবেক ক্রিকেটার রমনদীপ সিং। বিশেষ করে শ্রেয়াস আইয়ার ফিফা গেমে ছিলেন মাস্টার, যা দলের বাজির সংস্কৃতির অংশ হয়ে উঠেছিল বলে জানান তিনি।

তবে রমনদীপ স্পষ্ট করেছেন যে এটি ম্যাচ গড়াপেটার মতো কোনো বাজি ছিল না। বরং দলের গেমিং রুমে খেলোয়াড়রা একে অপরকে হারানোর জন্য ব্যক্তিগতভাবে বাজি ধরতেন। এতে ফিফা গেম এবং পোকারে লাখ লাখ টাকা লেনদেন হতো।

রমনদীপ জানান, গেমিং রুমে দুই খেলোয়াড় প্রতিদ্বন্দ্বিতায় নামলে, জয়ী খেলোয়াড় পরাজিত খেলোয়াড়ের কাছ থেকে বাজির অর্থ পেতেন। তিনি আরও বলেন, এই বাজির অঙ্ক ২০-২৫ হাজার টাকা থেকে শুরু হয়ে ১ লাখ পর্যন্ত পৌঁছে যেত। পোকারের ক্ষেত্রে এটি ১০ লাখ টাকাও ছাড়িয়ে যেত!

পডকাস্টে রমনদীপ বলেন, "হ্যাঁ, আমরা একে অপরের সঙ্গে খেলার সময় বাজি ধরতাম। কেউ অনেক টাকা হারাত, আবার কেউ অনেক টাকা জিতত। শ্রেয়াস ফিফায় অসাধারণ ছিলেন, আর বিবেক পাজিকে হারানো অসম্ভব ছিল। তাই ওর সঙ্গে বাজি ধরা ছিল বোকামি। আমি সাধারণত নীচে নীচে বৈভব কিংবা সূয়াসের সঙ্গে খেলতাম। নীতীশ পাজি-ও ভালো খেলতেন, তাঁর সঙ্গেও খেলতাম।"

রমনদীপ আরও জানান, "আমাদের বাজি শুরু হতো ২০-২৫ হাজার থেকে। কেউ কেউ এক লাখ পর্যন্ত বাজি ধরত। তবে ফিফা গেমের তুলনায় পোকারে বাজির পরিমাণ ছিল আরও বেশি। লাখ লাখ টাকা লেনদেন হতো।"

এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে কেকেআর বা বিসিসিআই থেকে আনুষ্ঠানিক কোনো প্রতিক্রিয়া এখনো পাওয়া যায়নি।

## আর্জেন্টিনার কাছে নাকানিচুবানি খাওয়ায় ক্ষমা চাইলেন ব্রাজিল অধিনায়ক


**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

২০২৬ বিশ্বকাপ বাছাপর্বের ম্যাচে আর্জেন্টিনার কাছে রীতিমত বিধ্বস্তই হয়েছে ব্রাজিল। আর্জেন্টিনার ঘরের মাঠ এস্তাদিও মনুমেন্তালে বল দখল, গোলে শট কিংবা আক্রমণ প্রতি আক্রমণ-মার্কিনিয়োস-রাফিনিয়ারা পিছিয়ে ছিল সব বিভাগে। বিশ্বকাপ বাছাইয়ে হারটাও এসেছে বড়সড়। ৪-১ গোল ব্যবধানের সেই হার সহ্য হচ্ছে না মার্কিনিয়োসের। ২০১২ সালের পর এবারই প্রথম আর্জেন্টিনার কাছে চার গোল হজম করেছে ব্রাজিল।

তাই ভক্ত-সমর্থকদের কাছে ক্ষমা চেয়েছেন ব্রাজিলের অধিনায়ক। বিশ্বকাপে যাওয়ার লড়াইয়ে সামনের ম্যাচগুলোতে সতীর্থদের ঘুরে দাঁড়ানোর আহ্বান জানিয়ে রেখেছেন মার্কিনিয়োস।

বুয়েন্স এইরেসে ম্যাচের পর ব্রাজিল অধিনায়ক বলেছেন, 'এখানে যা করেছি, সেটা আবার হোক চাই না। হিট অব দ্য মোমেন্টে এখন বিবেচনার সঙ্গে কিছু বলা কঠিন। এটা ভীষণ বিব্রতকর আমাদের জন্য।'

২০১২ সালের পর এবারই প্রথম আর্জেন্টিনার কাছে এটি ছিল সেলেসাওদের বড় ব্যবধানে পরাজয়।



তাছাড়া বাছাই পর্বে সর্বশেষ ৪ ম্যাচে জিতেছে মাত্র একটি। বড় হারে ২১ পয়েন্ট নিয়ে এখনো শঙ্কার দোলাচলে পাঁচ বারের বিশ্ব চ্যাম্পিয়ন ব্রাজিল।

চিরপ্রতিদ্বন্দ্বী আর্জেন্টিনার কাছে নাকানিচুবানি খাওয়ার পর মার্কিনিয়োস ক্ষমা চেয়েছেন, 'আমরা শুরুটা ভীষণ বাজেভাবে করেছি। যা করতে পারি, সেটার চেয়েও ছিল নিচুমানের। আর প্রতিপক্ষ ছিল আত্মবিশ্বাসের তুঙ্গে। তারা জানে কীভাবে খেলতে হয়। ভক্তদের কাছে তাই দুঃখপ্রকাশ করছি।'

কোচ দরিভাল জুনিয়রও বাছাইয়ের পারফরম্যান্স দিয়ে ভক্তদের আস্থা অর্জন করতে পারছেন না। ২০২৪ সালে দায়িত্ব নেওয়ার পর সর্বশেষ ১৬ ম্যাচে তার অধীনে ব্রাজিল জিতেছে ৭ ম্যাচ। সামনে কঠিন পথ।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR